

ঢাকা বিশ্ববিদ্যালয়

অনার্স প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায়
রেকর্ড সংখ্যক ফরম বিক্রি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার: ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনার্স প্রথমবর্ষের ভর্তি পরীক্ষায় এ বছর রেকর্ড পরিমাণ ভর্তি ফরম বিক্রি হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ৪টি ইউনিটে ৪ হাজার ৩ শত ৮টি আসনের বিপরীতে ৭৭ হাজার ৩ শত ৩৭টি ভর্তি ফরম বিক্রি হয়েছে। গত বছর বিক্রি হয়েছিল ৬৩ হাজার ভর্তি ফরম। গতকাল বৃহস্পতিবার ছিল ভর্তি পরীক্ষার আবেদনপত্র বিক্রি ও জমাদানের শেষ দিন। এবার বিশ্ববিদ্যালয়ের প্রতি আসনের বিপরীতে ১৮ জন ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছে। 'দ' ইউনিটের ৭০৪টি আসনের জন্য ১৮ হাজার ৫ শত ৩৮টি ফরম, 'ঘ' ইউনিটে সাত ৬ শত আসনের জন্য সর্বাধিক ২১ হাজার ৮ শত ৫৬ ফরম, 'ব' ইউনিটের ২১ শত ৮৬টি আসনের জন্য ১৬ হাজার ৩ শত ৫৯টি ফরম এবং 'ক' ইউনিটের ১৩ শত ৮টি আসনের জন্য ২০ হাজার ৫ শত ৮৪টি ফরম বিক্রি হয়েছে।